নারায়ণগঞ্জে কয়েক ঘণ্টার ব্যবধানে বাস-ট্রাকে আগুন



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের ফতুল্লায় পৃথক ঘটনায় পার্কিংয়ে রাখা একটি বাস ও ঝুটবোঝাই ট্রাকে আগুন দেওয়া হয়েছে। এতে বাসটি সম্পূর্ণ পুড়ে গেছে। ট্রাকের কয়েক লাখ টাকার মালামালও ক্ষতিগ্রস্ত হয়েছে।

রোববার রাত সোয়া ১২টার দিকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের সাইনবোর্ডের গিরিধারা এলাকায় অনাবিল পরিবহনের বাসে আগুন দেওয়া হয়। এর কয়েক ঘণ্টা পর ভোর পৌনে পাঁচটার দিকে শহীদ রিয়া গোপ ক্রিকেট স্টেডিয়াম এলাকায় ঝুটবোঝাই ট্রাকে আগুন দেওয়া হয়।

পুলিশ জানায়, সাইনবোর্ডে অটোরিকশায় আসা কয়েকজন বাসটি লক্ষ্য করে পেট্রলবোমা ছোড়েন বলে অভিযোগ রয়েছে। অন্যদিকে, ট্রাকচালক মামুন জানান, মোটরসাইকেলে আসা দুই ব্যক্তি ট্রাক লক্ষ্য করে পেট্রলবোমা ছুড়ে পালিয়ে যান। চট্টগ্রাম থেকে ঝুট নিয়ে এসে তিনি ভোর চারটার দিকে ট্রাকটি রেখে ঘুমিয়ে পড়েছিলেন।

ফায়ার সার্ভিসের দুটি ইউনিট প্রায় ২০ মিনিটে বাসের আগুন নিয়ন্ত্রণে আনে। ট্রাকের আগুন নেভাতে দেড় ঘণ্টা লাগে। সকাল সাড়ে ছয়টার দিকে আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে আসে।

ফতুল্লা মডেল থানার ওসি মাহবুব আলম বলেন, জড়িতদের শনাক্ত করে গ্রেপ্তারের চেষ্টা চলছে। বাসে আগুনের ঘটনাস্থল যাত্রাবাড়ী থানার আওতাধীন কি না, তা-ও তদন্ত করা হচ্ছে।